# ফরেস্ট কলেজ হতে ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম

মোহাম্মদ আমিনুল ইসলাম,
পরিচালক (বন সংরক্ষক),
ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম


FOREST ACADEMY
ফরেস্ট একাডেমি
FOREST ACADEMY

# বন অধিদপ্তর
# পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

- **পটভূমি:**
- বাংলাদেশ বন অধিদপ্তরে নিয়োজিত বিসিএস বন ক্যাডার কর্মকর্তা ও ফরেস্ট রেঞ্জারদের প্রশিক্ষণ প্রদানের একমাত্র শীর্ষ প্রতিষ্ঠান ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম। যা এককভাবে দেশের জাতীয় বনজ সম্পদ সংরক্ষণ এবং সুষ্ঠু বন ব্যবস্থাপনার জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরীর দায়িত্ব পালন করে আসছে। ১৯৬৪ সালে চট্টগ্রাম শহরের ষোলশহর এলাকায় সুন্দর মনোরম পাহাড়ি পরিবেশে বন গবেষণা ইনষ্টিটিউট এর ভিতরে পূর্ব পাকিস্তান বন মহাবিদ্যালয়(Forest College) এর অগ্রযাত্রা শুরু হয়। পরবর্তীতে ১৯৬৭ সনে বন গবেষনা ইনস্টিটিউট, চট্টগ্রাম সংলগ্ন নিজস্ব আনুমানিক ৩.৮৬ একর পাহাড়ী এলাকায় আলাদা চত্বরে মহাবিদ্যালয়টি স্থানান্তরিত হয়। প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯৮২ সনে ১১.১২ একর পাহাড়ী জমি হুকুম দখল করা হয়। যার পশ্চিম দিকে নাসিরাবাদ শিল্প এলাকা এবং পূর্ব ও উত্তর দিকে হিলভিউ হাউজিং সোসাইটি ও দক্ষিণ দিকে রহমান নগর অবস্থিত। ১৯৮২ সনে নতুন চত্বরে বন মহাবিদ্যালয় এর প্রশাসনিক ভবন এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের কয়েকটি আবাসিক ভবন নির্মাণ কাজ শুরু হয়। ১৯৮৫ সনের মাঝামাঝি সময়ে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম নব নির্মিত ভবনে স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তর করা হয়। পরবর্তীতে ২০০২ সালে জনবল ও অবকাঠামো সুবিধাদি ঠিক রেখে ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম নামকরণ করা হয়।

১৯৬৮ সনে পূর্ব পাকিস্তান সরকার একটি গেজেট নোটিফিকেশন জারি করেন যার শিরোনাম ছিল-

"Rules for the selection of candidates for deputation to Forest Ranger course at the Forest College, Chittagong (as approved by Government as Per Agriculture Department Section VII No. VII/For 37/68/399, dated 24 April, 1968"

ফরেস্ট ম্যানুয়াল পার্ট ১ এর ২৪ ও ২৪এ অনুচ্ছেদে সিনিয়র ফরেস্ট সার্ভিস ও ফরেস্ট রেঞ্জ অফিসার এবং ক্যাডার অফিসার নিয়োগ বিধি বর্ণনা করা হয়েছে। তৎকালীন সময়ে ফরেস্ট কলেজ পেশোয়ার হতে সিনিয়র ফরেস্ট সার্ভিসে যোগদান করার পূর্ব শর্ত ছিল বিএসসি অনার্স ডিগ্রি থাকতে হবে। পেশোয়ার ফরেস্ট ইনস্টিটিউট এর ফরেস্ট কলেজে বিএসসি ডিগ্রী অর্জনের জন্য পূর্ব পাকিস্তানের, অন্যান্য প্রভিন্স হতে ও বিদেশ হতে ছাত্র ভর্তির উদ্যোগ ছিল। উক্ত ইনস্টিটিউট এর মহা-পরিচালক এর নেতৃত্বে ফরেস্ট কলেজ এর ছাত্র ভর্তি, অবকাঠামো উন্নয়ন, হিসাব তত্তাবধান করার পাশাপাশি বিভিন্ন কোর্স কারিকুলাম তৈরী, ট্যুর প্রোগ্রাম আয়োজন, কলেজের শৃঙ্খলা, কোয়ার্টার, গার্ডেন, মেস, খেলার মাঠ এর তত্ত্বাবধান, বিভিন্ন সংস্থা ও দপ্তরের সাথে সমন্বয় সাধন করা হত। পেশোয়ার বিশ্ববিদ্যালয় এর অধীনে ২ বছরের জন্য বিএসসি (অনার্স) ডিগ্রী প্রদান করা হতো। ভর্তিচ্ছু ছাত্রদের মধ্যে ৪ ধরণের উৎস হতে ছাত্র ভর্তির ব্যবস্থা ছিল। (১) যারা সরকারী চাকরীরত তারা ডেপুটেশনে কলেজে ভর্তি, (২) সরকারী চাকরীতে প্রবেশনার/শিক্ষানবীস, (৩) বিদেশি সরকারে কর্মরত ছাত্র, (৪) বেসরকারী ছাত্র।

ফরেস্ট রেঞ্জারদের মধ্যে যারা উচ্চমানের একাডেমিক ফলাফলধারী তারাও এখানে ভর্তির সুযোগ পেতেন। উক্ত ২,৩০৪ নং ক্যাটাগরির ছাত্রদের মধ্যে হতে এখানে সুযোগ পেতে হলে তাদেরকে ১৮ হতে ২৫ বছর বয়সের এবং কোন বিশ্ববিদ্যালয়ের হতে ব্যাচেলর অনার্স ডিগ্রীতে নূন্যতম ২য় শ্রেণীর থাকতে হত। যারা পদার্থ, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণী বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান ও গণিত হতে পাস করেছেন অথবা এসব বিষয়ে ২য় শ্রেণীর মাস্টার্স অথবা পরিসংখ্যানে মাস্টার্স অথবা কৃষিতে ১ম শ্রেণীতে পাস ব্যাচলর ডিগ্রীতে অথবা ২য় শ্রেণীতে মাস্টার্স ডিগ্রী পাস থাকতে হতো।

বিএসসি ইন ফরেস্ট্রি ডিগ্রীর জন্য যেসব বিষয় পাঠ্য ছিল- (A) Forestry :

(1) Silviculture, (2) Protection- Botany(Excluding Mycology), Forest Entomology, (3) Forest Mensuration (4) Forest Management: management, valuation and working plan (5) Forest utilization-including Timber Technology.


(B) Other Subjects: (6) Botany (7) Forest zoology (8) Geology (9) Soil Science (10) Surveying & Drawing (11) Engineering- Forest Engineering & Timber Meehanics (12) Forest Law including Forest Policy.

চারটি (০৪) পার্টে এই কোর্সগুলি পড়ানো হতো, কঠোর পরীক্ষা, প্রাকট্রিক্যাল, শরীরচর্চা, খেলাধুলা ও মেস পরিচালনা ইত্যাদি ক্ষেত্রে কঠোর অনুশাসন বজায় চলতে হতো। যেখানে সার্বিক মান নিয়ন্ত্রণে পরিচালককে সুযোগ্য নেতৃত্বে সবকিছুর পরিচালনা ও শৃঙ্খলা বজায় রাখতে হতো।

পূর্ব পাকিস্থান ফরেস্ট কলেজ ১৯৬৪ সালে BFRI, ষোলশহর চট্টগ্রামে স্থাপনের মাধ্যমে এদেশে ফরেস্ট রেঞ্জ অফিসার নিয়োগ এর জন্য ইন্টার-মিডিয়েট সায়েন্স এর কতিপয় বিষয় হতে ০২ বৎসর মেয়াদী বিএসসি ডিগ্রী প্রদানের জন্য ভর্তি কার্যক্রম শুরু হয়েছিল। কোন একটি বিশ্ববিদ্যালয়ের অধীনে এ ডিগ্রী প্রদানের ব্যবস্থা করা হয়। পরবর্তীতে এটাকে একটি ডিপ্লোমা ডিগ্রী হিসেবে পরিগণিত করা হয়। ফরেস্ট কলেজ, চট্টগ্রাম পরিচালনার জন্য বন অধিদপ্তর হতে পরিচালক, প্রফেসর, লেকচারার, ডেমোনস্ট্রেটর, কিউরেটর, লেকচারার ও পার্ট টাইম লেকচারার এর মাধ্যমে পরিচালনার ব্যবস্থা ছিল। পেশোয়ার ফরেস্ট কলেজের অনুরুপ কারিকুলাম ও ব্যবস্থাপনা চালু করা হয়েছিল। গণিত, পদার্থ, রসায়ন, উদ্ভিদ বিদ্যা ও জীববিজ্ঞান এ উচ্চ মাধ্যমিক পাস এবং বয়স ১৮ হতে ২৫ এর মধ্যে প্রার্থীকে কঠিন শারীরিক মান বজায় রেখে বন অধিদপ্তরের নির্বাচনী বোর্ড এর মাধ্যমে ভর্তির ব্যবস্থা করা হতো। ১৯৭১ সনে রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে এদেশ পাকিস্তান হতে আলাদা হয়ে যাওয়ার পরও এ ধারা বজায় রেখে চলছিল। যার ফলশ্রুতিতে ১৯৮২, ১৯৮৪ এবং ২০০৩ এর ব্যাচ উক্ত পাঠ্যক্রমকে আদর্শমান ধরে যথাক্রমে বিএসসি, এমএসসি ও এমএফ ডিগ্রী প্রদানের ব্যবস্থা চালু ছিল। পরবর্তী বিসিএস ব্যাচ গুলি কিংবা ফরেস্ট রেঞ্জার ব্যাচের জন্য এ ব্যবস্থা করা যায়নি।

১৯৬৮ সনের একটি Rule ছিল এমন -Rule for the Recruitment to the Cadre of Extra Assistant Conservator of Forests. G.O no. Sec 11 F. 41681457 dated the 19th June 1968 এর অধীনে পূর্ব পাকিস্থান Public Service Commission- EACF নিয়োগ এর জন্য ২টি পদ্ধতি নির্ধারণ করেছিল। ফরেস্ট রেঞ্জার সার্ভিস হতে সিলেকশন এর মাধ্যমে। যোগ্যতা হিসেবে ০৫ বছরের ফরেস্ট রেঞ্জ অফিসার সার্ভিস করা যিনি বন অধিদপ্তরের অধীন ফরেস্ট কলেজ হতে ডিপ্লোমা ডিগ্রী ধারী অথবা ১২ বছর ফরেস্ট রেঞ্জ সার্ভিসে সন্তোষজনকভাবে চাকরি করেছেন। নিয়োগের পর তাদেরকে পিএসসি এর অধীনে ৪টি বিষয়ে বিভাগীয় পরীক্ষায় পাশ করতে হতো। বিষয়গুলো হলো: (1) Land Revenue & Accounts, (2) Forest Law, (3) Forest Procedure & Accounts, (4) Urdue or Bengali according to their Mother tongue of the officers respectively. প্রত্যেক বিসিএস ক্যাডার অফিসারকে ৫০ বৎসরের মধ্যে উপরোক্ত ০৪ টির মধ্যে ১-৩ টি বিষয়ে এখনও বিভাগীয় পরিক্ষায় অবতীর্ণ হতে হয়। প্রচলিত এ রীতি ধীরে ধীরে গুরুত্ব হারায়। ফলত: বন অধিদপ্তর আগের মত ফরেস্ট কলেজ এর কার্যক্রমে বিএসসি ডিগ্রী হতে সরে এসে শুধুমাত্র অনিয়মিত প্রশিক্ষণ কাজের মধ্যে ফরেস্ট একাডেমি সীমাবদ্ধ হয়ে পড়ে। ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম ইতঃপূর্বে বাংলাদেশ বন মহাবিদ্যালয় নামে পরিচিতি ছিল। বন বিষয়ে বন কর্মকর্তাদের উচ্চতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির জন্য ক্ষেত্রে ইহা বাংলাদেশের শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্টান।

**অবস্থান:** চট্টগ্রাম মহানগরীর পাঁচলাইশ থানায় পূর্ব নাছিরাবাদ শিল্প এলাকা ও হিলভিউ হাউজিং সোসাইটির মাঝে নয়নাভিরাম সৌন্দর্যমন্ডিত পাহাড়ী ভূমিতে ফরেস্ট একাডেমি অবস্থিত। এটি চট্টগ্রাম বিমান বন্দর হতে প্রায় ২৪ কিলোমিটার এবং চট্টগ্রাম রেলস্টেশন হতে প্রায় ৮ কিলোমিটার দূরে অবস্থিত।






- **লক্ষ্য ও উদ্দেশ্য:**
- বন বিভাগের কর্মকর্তাদের বন, বনজ সম্পদ ও বনভূমি ব্যবস্থাপনা বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তুলে দেশের বনজ সম্পদের টেকসই সংরক্ষণ ও উন্নয়ন করা।
- **প্রশাসন:**
- বন অধিদপ্তরের বন সংরক্ষক পদমর্যাদার একজন কর্মকর্তা ফরেস্ট একাডেমির পরিচালক পদে নিয়োজিত থাকেন, যিনি প্রশাসনিক সকল কার্যক্রম সার্বক্ষনিকভাবে তত্ত্বাবধায়ন করেন।
- উপ- প্রধান বন সংরক্ষক (শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর এর সরাসরি তত্ত্বাবধায়নে ফরেস্ট একাডেমি পরিচালিত হয়ে থাকে।

| ক্র.নং | পদের নাম | সর্বমোট পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1 | পরিচালক (বন সংরক্ষক) | 1 | 1 | 0 | - |
| 2 | উপ বন সংরক্ষক | 1 | 1 | 0 | - |
| 3 | সহকারী বন সংরক্ষক | 2 | 0 | 2 | - |
| 4 | লাইব্রেরীয়ান | 1 | 0 | 1 | - |
| 5 | চীফ ইন্ট্রাক্টর | 1 | 0 | 1 | - |
| 6 | সিনিয়র ইনস্ট্রাক্টর | 1 | 1 | 0 | - |
| 7 | ইনস্ট্রাক্টর | 2 | 2 | 0 | - |
| 8 | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | 1 | 0 | 1 | - |
| 9 | ডেমোনেস্টের | 2 | 0 | 2 | - |
| 10 | ফরেস্ট রেঞ্জার | 2 | 1 | 1 | - |
| 11 | ফরেস্টার | 1 | 0 | 0 | - |
| 12-24 | ৩য় ও ৪র্থ শ্রেণীর পদ | 30 | 13 | 16 | - |
| উপমোট | | 45 | 19 | 26 | - |
| 25 | আউটসোর্সিং ( পরিচ্ছন্নতাকর্মী-১, ল্যাবরেটরী বেয়ার-১, মালী-৩, বাংলো চৌকিদার-২) | 7 | 7 | 0 | |
| উপমোট | | 7 | 7 | 0 | - |
| সর্বমোট | | 52 | 26 | 26 | - |

## প্রতিষ্ঠানের মূল কার্যক্রম:

১। উপ বন সংরক্ষক/বিভাগীয় বন কর্মকর্তাগনকে আধুনিক বন বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদান।

২। বিসিএস (বন) ক্যাডারে নিয়োগ প্রাপ্ত সহকারী বন সংরক্ষকদের এক বছর মেয়াদী মাস্টার অব ফরেস্ট্রি ডিগ্রী সহ স্বল্প মেয়াদী প্রশিক্ষণ প্রদান।

৩। সহকারী বন সংরক্ষক, ফরেস্ট রেঞ্জার/ডেপুটি রেঞ্জারদের ওরিয়েন্টেশন, রিফ্রেসার্স কোর্স ও স্বল্পকালীন কোর্সে প্রশিক্ষণ প্রদান।

৪। বন, পরিবেশ ও বন্যপ্রাণী সম্পর্কিত সেমিনার/ওয়ার্কসপের আয়োজন করা।

## প্রশিক্ষণ প্রাপ্ত জনবল:

১৯৬৩ সাল থেকে ২০২৪-২৫ অর্থবছরের (জানুয়ারি/২৫ পর্যন্ত) সাল পর্যন্ত বিভিন্ন পর্যায়ের বন কর্মকর্তাগণকে বিভিন্ন বিষয় উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

| | | |
|---|---|---|
| ১। | এম.এস সি ইন ফরেস্ট্রি- | ২৮ জন |
| ২। | এম এফ ইন ফরেস্ট্রি- | ৩০ জন |
| ৩। | বি.এসসি ( পাশ) ইন ফরেস্ট্রি- | ১৪৬ জন |
| ৪। | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি- | |
| ৫। | স্বল্পকালীন কোর্স (রিফ্রেসার্স ও ওরিয়েন্টেশন কোর্স) | ৩,৭২৬ জন |
| | মোট : | ৩,৯৩০ জন |

**বিদ্যমান সুযোগ-সুবিধা:**

প্রশিক্ষণার্থীদের জন্য একটি সুসজ্জিত অফিসার্স ডরমেটরী, একাডেমিক ভবন, অডিটোরিয়াম, খেলার মাঠ, সমৃদ্ধ লাইব্রেরী, ল্যাবরেটরী, কম্পিউটার, ওভারহেড প্রজেক্টর, মাল্টিমিডিয়া, নিরবিছিন্ন ইন্টারনেট-সুবিধা এবং জেনারেটর সুবিধা রয়েছে।





# ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত ফরেস্ট একাডেমিতে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মসূচীর তালিকা

| ক্র.নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণার্থী ও সংখ্যা | প্রশিক্ষণের সময়কাল | ব্যয় খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1 | Orientation Training Course for 38th BCS Forest Cadre Officers | নব নিযুক্ত সহকারী বন সংরক্ষক | ০২ মাস ব্যাপী | সুফল প্রকল্প | - |
| 2 | Basic Forestry training course for Forest Rangers. | নব নিযুক্ত ফরেস্ট রেঞ্জার, ২৭ জন | ৬০ দিন | সুফল প্রকল্প | ২০২২-২০২৩ |
| 3 | Watershed, Environment and Climate Change training Course | বিভাগীয় বন কর্মকর্তা, ৩৪ জন, সহকারী বন সংরক্ষক, ১০ জন, ফরেস্ট রেঞ্জার, ২৫ জন, ফরেস্টার, ২৫ জন | যথাক্রমে ০১,২,২,২ দিন | SIDCHT | ,, |
| 4 | বন প্রশাসন, ভূমি ব্যবস্থাপনা ও বন্যপ্রাণী বিষয়ক কোর্স | রেঞ্জ কর্মকর্তা, ৫০ জন | ০৬ দিন | পরিচালন ব্যয় | " |
| 5 | Forest restoration and collaboration management. | সহকারী বন সংরক্ষক ও ফরেস্ট রেঞ্জার, ২১ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | " |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 6 | Basic Forestry training course for Wildlife & Biodiversity Conservation Officers. | বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ কর্মকর্তা, ২৫ জন। | ৩০ দিন | পরিচালন ব্যয় | ২০২৩-২৪ |
| 7 | Training for Carbon Trading. | সহকারী বন সংরক্ষক ও অন্যান্য , ৩০ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | " |
| 8 | Ecosystem Service Delivery | ফরেস্ট রেঞ্জার ও ফরেস্টার, ২৫ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 9 | Training on “Forest Manual” | ফরেস্ট রেঞ্জার ও ফরেস্টার, ২৫ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 10 | Training on “Gender” | ফরেস্ট রেঞ্জার ও ফরেস্টার, ২৫ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 11 | Training on Planting Techniques | ফরেস্ট রেঞ্জার ও ফরেস্টার, ২৫ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 12 | Safegurard Training - ToT for Forest Department Officials. | ফরেস্ট রেঞ্জার ও ফরেস্টার, ৩০ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 13 | Orientation Course For 41st BCS (Forest) Cadre ACFs. | সহকারী বন সংরক্ষক, ৩৪ জন | ৬০ দিন | সুফল প্রকল্প | ২০২৪-২৫ |
| 14 | Basic Forestry Course for Forest Rangers. | ফরেস্ট রেঞ্জার, ৩২ জন , ২৬ জন, ২ ব্যাচ | ৬০ দিন | সুফল প্রকল্প | ,, |
| 15 | Training for Carbon Trading. | সহকারী বন সংরক্ষক ও অন্যান্য ৩০ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 16 | Training on Forest Landscape Restoration. | সহকারী বন সংরক্ষক ও অন্যান্য , ২৫ জন | ০৫ দিন | সুফল প্রকল্প | ,, |
| 17 | Training on Tissue Culture. | সহকারী বন সংরক্ষক ও ফরেস্ট রেঞ্জার, ২৩ জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 18 | Environmental Impact Assessment. | সহকারী বন সংরক্ষক, ২৫জন | ০৩ দিন | সুফল প্রকল্প | ,, |
| 19 | Forest Land Survey and Settlement, 1Batch | সহকারী বন সংরক্ষক ও ফরেস্ট রেঞ্জার, ২৫ জন | ১৫ দিন | সুফল প্রকল্প | ,, |
| ৩১ | Orientation Course for Officer's | ইনস্ট্রাক্টর, রিসার্স অফিসার ও ফরেস্ট রেঞ্জার ২৫ জন | ১২ দিন | পরিচালন ব্যয় | ,, |

## ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত ফরেস্ট একাডেমিতে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মসূচীর তালিকা:

| ক্র.নং | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণার্থী ও সংখ্যা | প্রশিক্ষণের সময়কাল | ব্যয় খাত |
|---|---|---|---|---|
| ১-৩ | Forest Land Survey and Settlement, 3 Batch | ৩০×৩=৯০ জন | ১৫ দিন করে | পরিচালন ব্যয় |
| ৪ | Skill Development Training for Internal Officer Staffs. | দাপ্তরিক কর্মকর্তা ও কর্মচারী ৪০ জন | ০১ দিন | পরিচালন ব্যয় |
| ৫ | Training on Administration and Finance for DFOs/ACFs | ২৫ জন | ১২ দিন | পরিচালন ব্যয় |

## চ্যালেঞ্জ সমূহ:

- ১) প্রশিক্ষণের জন্য পর্যাপ্ত বাজেটের সংস্থান না থাকা।
- ২) জনবল কাঠামো অনুযায়ী জনবল না থাকা।
- ৩) নিরাপত্তা প্রহরী না থাকায় সরকারি সম্পদ ও স্থাপনাসমূহ অরক্ষিত থাকা।
- ৪) প্রশিক্ষণার্থীদের জন্য পর্যাপ্ত আবাসন সুবিধার অভাব।
- ৫) আধুনিক গবেষণা ও প্রযুক্তির জ্ঞান আহরনের সুযোগ সুবিধা না থাকা।
- ৬) বিশ্বের উন্নতদেশ সমূহের বিদ্যমান প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন ও সমন্বয়ের লক্ষ্যে বৈদেশিক শিক্ষা সফরের ব্যবস্থা না থাকা।
- ৭) দীর্ঘদিন পরপর স্বল্প মেয়াদী কোর্স চালু করায় এর অবকাঠামো ও অন্যান্য উপকরণ সমূহ ব্যবহারের অভাবে উপর্যুক্ততা নস্ট হওয়া ।

# প্রস্তাবনা:

- ফরেস্ট একাডেমি, চট্টগ্রাম এর বিদ্যমান অবকাঠামো এবং এর বিভিন্ন সুবিধাদি উন্নয়নের জন্য সামান্য কিছু পরির্বর্তন ও পরিবর্ধন করে একে বিশ্বমানের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রূপান্তর করা যেতে পারে।
- বিদ্যমান অবকাঠামো এবং সুবিধাদি ব্যবহার করে নিয়মিত শিক্ষা ও প্রশিক্ষণ কোর্স চালু করা যেতে পারে।
- দেশীয় এবং বৈশ্বিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী বন সেক্টরে দক্ষ জনবল তৈরি এবং কাজে লাগানোর লক্ষ্যে দুই বছর মেয়াদী Forestry, Wildlife, Climate, Change এবং পরিবেশ বিষয়ক স্নাতক ডিগ্রি কোর্স চালু করা যেতে পারে।
- নবনিযুক্ত সহকারি বন সংরক্ষক (বিসিএস ক্যাডার) দের জন্য একবছর মেয়াদী মাস্টার অব ফরেস্ট্রি কোর্স পুনরায় চালু কোর্স করা যেতে পারে।
- নবনিযুক্ত রেঞ্জারদের জন্য দুই বছর মেয়াদী বিএসসি ইন ফরেস্ট্রি কোর্স পুনঃপ্রবর্তন করা যেতে পারে।
- বিভিন্ন FSTI হতে ফরেস্ট্রি ডিপ্লোমা অর্জনকারীদের অধিকতর দক্ষতা বৃদ্ধি ও সক্ষমতা সৃজনের লক্ষ্যে তিন বছর মেয়াদী বিএসসি ইন ফরেস্ট্রি র্কোস চালু করা যেতে পারে।
- দেশব্যাপী জীববৈচিত্র্য সংরক্ষণে নিবেদিত স্বেচ্ছাসেবীদের মধ্য হতে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণে ২য় স্তরের দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে তিন মাসব্যাপী বিশেষ প্রশিক্ষণ কোর্স চালু করা যেতে পারে।

# উপসংহার:

- মাঠ পর্যায়ে দক্ষ বন কর্মকর্তা গড়ে তোলার লক্ষ্যে যেমন সহকারী বন সংরক্ষদের এম এফ-ইন ফরেস্ট্রি কোর্স, স্বল্পকালীন বিভিন্ন র্কোস, রিফ্রেসার্স কোর্স, ওরিয়েন্টশন কোর্স, ফরেস্ট রেঞ্জার ও ডেপুটি রেঞ্জারদের স্বল্পকালীন কোর্স সফলতার সাথে প্রদান করা হচ্ছে। অত্র ফরেস্ট একাডেমী বন ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত বন বিষয়ে যুগোপযোগী বিজ্ঞান ভিত্তিক জ্ঞান প্রদানে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। অত্র প্রতিষ্ঠানকে পর্যাপ্ত বাজেট বরাদ্দ ও লজিস্টিক্স সরবরাহ করা হলে এখান থেকে বৈশ্বিক মানের দক্ষ জনবল তৈরী করা সম্ভব যা দেশের বন, বন্যপ্রাণী, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণের অভিষ্ট লক্ষ্য অর্জনে সহায়ক হবে।


FOREST ACADEMY


ফরেস্ট একাডেমি
FOREST ACADEMY




FD
FD



